



## কৃষি বিশ্ববিদ্যালয়ে

### এখনও শতাধিক

### আসন শূন্য

॥ সুদীপ্ত দাস ॥

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়-মনসিংহ), ৮ই জুন।- বিশ্ববিদ্যালয়ে প্রথম পর্ব (১৯৯৪-৯৫)-এ মেধা তালিকা এবং অপেক্ষমাণ তালিকা থেকে ছাত্র-ছাত্রী ভর্তি শেষে শতাধিক আসন খালি রয়ে কৃ: বি: : পৃ: ৮ কপঃ

### কৃ: বি: : শূন্য আসন

(১ম পৃষ্ঠার পর)

গেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে শূন্য আসনসংখ্যা ১১৫টি। সূত্রটি জানায় বৃহস্পতিবার অপেক্ষমাণ তালিকার দশ পঁচাত্তর জনের মধ্যে একশ' সত্তর জন ভর্তি হয়েছে। প্রথম দিন মেধা তালিকা থেকে দশ' পঁচাত্তর জন ভর্তি হয় বলে আজ ঐ সূত্র জানায়। হিসাবের জটিলতার জন্য ঐ সূত্র প্রথম দিনে ভর্তির সংখ্যা ২৪২ বলে জানিয়েছিল। সূত্রমতে কৃষি অনুবদে দশ' ষাট আসনে ১৯৯ জন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুবদে ৫০টি আসনে ৩৪ জন, কৃষি প্রকৌশল ও কারিগরি অনুবদে ৬০টি আসনে ৪১ জন, পশুপালন অনুবদে ৬০টি আসনে ৪১ জন ভর্তি হয়েছে বলে এ সকল অনুবদে আসন শূন্য রয়েছে। ভেটেরিনারি এবং মৎস্য বিজ্ঞান অনুবদের আসনসংখ্যা ইতিমধ্যেই পূর্ণ হয়েছে (যথাক্রমে ৮০ এবং ৬০টি)। জানা গেছে, শূন্য আসনগুলো পূরণের জন্য আগামী সপ্তাহে পুনরায় সংবাদপত্রে নতুন অপেক্ষমাণ তালিকা (মতান্তরে মেধা তালিকা) প্রকাশ করা হবে। এ ঘটনাটি হবে দেশের সবগুলো বিশ্ববিদ্যালয়ের প্রথম ঘটনা। এর আগে দেশের কোন উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানেই দ্বিতীয়বার মেধা তালিকা বা অপেক্ষমাণ তালিকা প্রকাশ করতে হয়নি।